

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ১৩৯
অমরপুর, ১১ ডিসেম্বর, ২০২৪

অমরপুরে কৃষক প্রশিক্ষণ শিবির

অমরপুর টাউনহলে গত ৯ ডিসেম্বর এক কৃষক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। কৃষি বিজ্ঞান কেন্দ্র, গোমতী এবং হিন্দুস্তান ইনসেঙ্ক্টিসাইড লিমিটেড ইন্ডিয়ায় যৌথ উদ্যোগে এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। কৃষক প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দাস। প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করে বিধায়ক বলেন, কৃষির বিকাশ ও কৃষকের কল্যাণে রাজ্য সরকার বিভিন্ন কর্মসূচি নিয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস, অমরপুর বিএসি'র চেয়ারম্যান রবিন্দ্র জমাতিয়া, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শঙ্করানন্দ সাহা এবং হিন্দুস্তান ইনসেঙ্ক্টিসাইড লিমিটেডের আঞ্চলিক আধিকারিক পার্থ প্রতীম প্রধান প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন গোমতী কৃষি বিজ্ঞান কেন্দ্রের সিনিয়র সায়েন্টিস্ট রনবীর শর্মা। শিবিরে মহকুমার ২৮৬ জন কৃষক অংশ নেন। প্রশিক্ষণ শিবিরে সুরক্ষিত ও সঠিক কীটনাশক ব্যবহারের প্রয়োজনীয়তা, পরিবেশবান্ধব টেকসই কৃষি উন্নয়ন সুনিশ্চিত করা, স্থায়ী জৈব দূষক ও উচ্চ ঝুঁকিপূর্ণ কীটনাশকের ব্যবহার কমানোর উপর কৃষকদের প্রশিক্ষণ দেওয়া হয়।
